বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(নিয়োগ শাখা)

বিজ্ঞপ্তি নম্বর-৩১৯

তারিখঃ ২৯/১০/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের খসড়া জ্যেষ্ঠতার তালিকায় সংশ্লিষ্ট কর্মকর্তার ক্রমিক নম্বর ও অন্যান্য তথ্যের বিষয়ে আপত্তি (যদি থাকে) প্রেরণ প্রসঙ্গে।

২। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের জন্য সর্বশেষ ২০০১ সালের ৩১ জানুয়ারি জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হয়। ২০০১ সালের পর হতে অদ্যাবধি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতার তালিকা সংশোধন বা পুনঃপ্রণয়ন করা হয়নি। ফলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে বর্ণিত জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের উপর অত্র কোর্ট কর্তৃক তত্ত্বাবধানমূলক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নানাবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে। বিশেষ করে বাছাই কমিটি ও ফুলকোর্ট সভা কর্তৃক বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের পদোন্নতির প্যানেল প্রণয়ন, জি,এ কমিটি কর্তৃক পদায়নের পরামর্শ প্রদান, বিচার বিভাগীয় কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ ইত্যাদি ক্ষেত্রে জ্যেষ্ঠতার বিষয়টি গুরুত্বপূর্ণ হওয়ায় হালনাগাদ জ্যেষ্ঠতার তালিকার অনুপস্থিতিতে বিভিন্ন ধরণের প্রশাসনিক বিশৃংখলা সৃষ্টি হওয়ার আশঙ্কা তৈরী হচ্ছে। এ সকল বিষয় উপলব্ধি করে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতার তালিকার খসড়া প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। উল্লিখিত নির্দেশনার আলোকে, অত্র কোর্ট কর্তৃক জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতার তালিকার খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া তালিকা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইট (www.supremecourt.gov.bd) হতে ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

৩। উক্ত খসড়াটি চূড়ান্তভাবে প্রকাশের কার্যক্রম গ্রহণের পূর্বে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের আপত্তি (যদি থাকে) গ্রহণ ও নিষ্পত্তি করার প্রয়োজনীয়তা রয়েছে।

৪। এমতাবস্থায়, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের খসড়া জ্যেষ্ঠতার তালিকায় বর্ণিত তথ্যের বিষয়ে নিজ নিজ আপত্তি (যদি থাকে) সংযুক্ত ফরম্যাটে (সংযুক্তি-১) পূরণ করে আগামী ১০/১১/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে নিজ নিজ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার (প্রযোজ্য ক্ষেত্রে) মাধ্যমে অত্র কোর্টে ডাকযোগে (জিইপি) অথবা সরাসরি ই-মেইল এর মাধ্যমে correspondence@supremecourt.gov.bd ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/-
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ১০২৪৫(৩৮) তারিখঃ ২৯/১০/২০১৫ খ্রিঃ

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------- ----- (সকল)
৩। মহানগর দায়রা জজ আদালত, --- ------------------------------------- ----- (সকল)
৪। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৬। সচিব, আইন কমিশন, ঢাকা।
৭। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------- (সকল)
৯। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ----- (সকল)
১০। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ------------------ ----- (সকল)
১১। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----- ------------------------------ (সকল)
১৩। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৪। বিচারক (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------- (সকল)
১৫। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------(সকল)
১৬। বিচারক( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য(জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,---- ------- (সকল)
১৮। চেয়ারম্যান (জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট,--------------------- --------- (সকল)
১৯। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, --------------------------(সকল)
২০। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
২১। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
২২। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দূর্নীতি দমন কমিশন, ঢাকা।
২৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনাল, ঢাকা।
২৪। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২৫। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ।
২৬। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
২৭। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৮। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।
২৯। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
৩০। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
৩১। সদস্য (জেলা জজ), ট্যাকসেস আপিলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-২, ঢাকা।
৩২। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৩। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৩৪। আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।
৩৫। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা।
৩৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------ ------------------------------------------(সকল)
৩৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------- ------------------------------------(সকল)
৩৮। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৯। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যকে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

২৯/১০/১৫

(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬
ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd

সংযুক্তি-১

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

বিষয়ঃ **খসড়া জ্যেষ্ঠতার তালিকায় সংশ্লিষ্ট কর্মকর্তার ক্রমিক নম্বর ও অন্যান্য তথ্যাদি সম্পর্কিত আপত্তি (যদি থাকে) প্রেরণ প্রসঙ্গে।**

১। নামঃ......................................................

২। পদবীঃ...................................................

৩। বর্তমান কর্মস্থলঃ........................................

৪। মোবাইল নম্বরঃ..........................................

৫। খসড়া জ্যেষ্ঠতার তালিকায় উল্লেখিত ক্রমিক নম্বরঃ...........

৬। খসড়া জ্যেষ্ঠতার তালিকায় আপনার ক্রমিক নম্বর ও অন্যান্য তথ্যাদি সম্পর্কে আপত্তির (যদি থাকে) সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক আপত্তির সমর্থনে প্রয়োজনীয় কাগজাদি সংযুক্ত করুনঃ

............................................................................................................................

............................................................................................................................

........................................................ ........................................................................

সংযুক্তি ঃ

১।

২।

৩।

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও নামাঙ্কিত সিল

❖ আপত্তি ই-মেইলে প্রেরণ করার ক্ষেত্রে পূরণকৃত আপত্তি সম্পর্কিত এই ফরমসহ সংযুক্তিসমূহ স্ক্যান করে প্রেরণ করতে হবে।
❖ এই ফরমটি ফটোকপি করে বা টাইপ করে ব্যবহার করা যাবে। প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করা যাবে।